৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 02 [illegible] 1998 ...
পৃষ্ঠা ৭ কলাম ২......

# পাটগ্রাম কলেজের হালচাল

লালমনিরহাট সংবাদদাতা ॥ জেলার পাটগ্রাম সরকারী কলেজে শিক্ষক সংকট ও নানাবিধ সমস্যার কারণে ছাত্র-ছাত্রীদের লেখাপড়া গুরুতর ব্যাহত হইতেছে। ১৯৬৮ সালে প্রতিষ্ঠিত পাটগ্রাম কলেজটিকে ১৯৮৬ সালে জাতীয়করণ করা হয়। সরকারী বিধি মোতাবেক ৫৪টি শিক্ষকের পদ থাকিবার কথা থাকিলেও অত্র কলেজে ৪০টি পদ সৃষ্টি করা হয়। তন্মধ্যে অধ্যক্ষ ও উপাধ্যক্ষ ছাড়া সহকারী অধ্যাপক ১৩ জন ও প্রভাষক ২৫ জন। কিন্তু বর্তমানে ২৩ জন শিক্ষক কলেজে নিয়োজিত রহিয়াছে। সৃষ্ট পদ মোতাবেক ৫ জন সহকারী অধ্যাপক এবং ১২ জন প্রভাষকের পদ খালি রহিয়াছে। সর্বোপরি ইংরাজী, পদার্থবিদ্যা, রসায়নবিদ্যা, দর্শন ও ব্যবস্থাপনা বিষয়ে ১ জন করিয়া শিক্ষক নিয়োজিত আছেন। ১৯৯৭ সালের আগষ্ট মাসে কলেজটির একমাত্র অংক শিক্ষক এলপিআর নিয়া চলিয়া গিয়াছেন। এক বৎসরের অধিক সময় অতিবাহিত হওয়ার পরেও উক্ত শূন্য পদে কোন শিক্ষক নিয়োগ করা হইতেছে না। বাহির হইতে শিক্ষক সংগ্রহ করিয়া ক্লাস পরিচালনা করা হইতেছে বলিয়া ভারপ্রাপ্ত অধ্যক্ষ জানান। সরকারী ডিগ্রী কলেজে ১৩টি বিষয়ের প্রত্যেকটিতে একজন করিয়া সহযোগী অধ্যাপক থাকিবার বিধান থাকিলেও এই কলেজে কোন বিষয়ে সহযোগী অধ্যাপক নাই। কলেজটিতে কোন ছাত্রাবাস অডিটরিয়াম ও বাউন্ডারী ওয়াল নাই। কলেজে সুষ্ঠ যাতায়াতের জন্য অভ্যন্তরীণ সড়ক ও অন্যান্য অবকাঠামোগত সমস্যা রহিয়াছে। শিক্ষক-শিক্ষিকা-কর্মচারীদের জন্য কোন আবাসিক কোয়ার্টার নাই। বিজ্ঞান শিক্ষার জন্য পর্যাপ্ত যন্ত্রপাতি ও আনুষঙ্গিক দ্রব্যাদিও নাই। আসবাবপত্র ও বই-পুস্তকের সংখ্যা অপ্রতুল। বর্তমানে কলেজের ছাত্রসংখ্যা ৪৭৬ জন। ছাত্রসংখ্যা কম হওয়ার বিষয়ে জিজ্ঞাসা করা হইলে কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ কাজী নুরুজ্জামান জানান, এই কলেজে কঠোর নিয়ম-নীতি অনুসরণ করিয়া পরীক্ষা নেওয়া হয়। তাই নকলের সুযোগ না থাকায় ছাত্র-ছাত্রীরা অন্য কলেজে ভর্তি হইতেছে।